

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বরাষ্ট্র মন্ত্রণালয়  
পুলিশ-৩ শাখা  
www.moha.gov.bd

নম্বর: ৪৪.০০.০০০০.০০০.০৯৬.১৫.০০১২.২৪.৭০

তারিখ: ২০ বৈশাখ ১৪৩৩  
০৩ মে ২০২৬

প্রাপক:

চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার  
স্বরাষ্ট্র মন্ত্রণালয়, এজিবি কমপ্লেক্স, সেগুনবাগিচা, ঢাকা।

**বিষয়:** গাজীপুর মেট্রোপলিটন পুলিশের সাংগঠনিক কাঠামো সংস্কারের জন্য অস্থায়ীভাবে সৃষ্ট বিভিন্ন পদবীর ৩৭৮টি পদের মেয়াদ সংরক্ষণ  
**সূত্র:** পুলিশ অধিদপ্তরের স্মারক নং-৪৪.০১.০০০০.০২৬.০৭.১২.২০২৬-৮২(২) তারিখ: ১৮ ফেব্রুয়ারি ২০২৬।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গাজীপুর মেট্রোপলিটন পুলিশের সাংগঠনিক কাঠামো সংস্কারের জন্য অস্থায়ীভাবে সৃষ্ট বিভিন্ন পদবীর ৩৭৮টি পদ সৃজনের সরকারি আদেশ (জি.ও.) গত ৩০-১২-২০২৫ তারিখ জারি করা হয়। পদগুলো যে উদ্দেশ্যে সৃজন করা হয়েছে তার প্রয়োজনীয়তা এখনও রয়েছে এবং ভবিষ্যতেও বিলুপ্ত হওয়ার সম্ভাবনা নেই বিধায় সুষ্ঠুভাবে কর্মসম্পাদনের জন্য নিম্নবর্ণিত পদসমূহ ০১-০৬-২০২৬ হতে ৩১-০৫-২০২৭, ০১-০৬-২০২৭ হতে ৩১-০৫-২০২৮ এবং ০১-০৬-২০২৮ হতে ৩১-০৫-২০২৯ তারিখ পর্যন্ত সংরক্ষণের সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছি।

পদসমূহের বিবরণ:

ক্রম.	পদের নাম	পদসংখ্যা	বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী
১.	পুলিশ পরিদর্শক (নিরস্ত্র)	০৮টি	২২,০০০-৫৩,০৬০/-
২.	পুলিশ পরিদর্শক(সশস্ত্র)	০৪টি	২২,০০০-৫৩,০৬০/-
৩.	টিআই	০২টি	২২,০০০-৫৩,০৬০/-
৪.	এসআই (নিরস্ত্র)	৫০টি	১৬,০০০-৩৮,৬৪০/-
৫.	এসআই (সশস্ত্র)	১০টি	১৬,০০০-৩৮,৬৪০/-
৬.	টিএসআই	০৪টি	১৬,০০০-৩৮,৬৪০/-
৭.	সার্জেন্ট	১০টি	১৬,০০০-৩৮,৬৪০/-
৮.	নায়ক	৪০টি	৯,৭০০-২৩,৪৯০/-
৯.	কনস্টেবল	২৫০টি	৯,০০০-২১,৮০০/-
মোট = ৩৭৮টি (তিনশত আটাত্তর)			

**শর্তসমূহ:**

১। এ সংক্রান্ত ব্যয় বাংলাদেশ পুলিশ অধিদপ্তরের বাজেট সংশ্লিষ্ট খাতে বরাদ্দকৃত অর্থ হতে নির্বাহ করতে হবে। অতিরিক্ত কোন অর্থ বরাদ্দ দেয়া হবে না।

২। এতে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর অনুমোদন রয়েছে।

আপনার বিশ্বস্ত,

*Nasrin*

০৩-০৫-২০২৬

নাসরীন সুলতানা

উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)

ইমেইল : police3@moha.gov.bd

নম্বর: ৪৪.০০.০০০০.০০০.০৯৬.১৫.০০১২.২৪.৭০/১ (৬)

তারিখ: ২০ বৈশাখ ১৪৩৩  
০৩ মে ২০২৬

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সিনিয়র সচিব, সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ২। সচিব, সচিবের দপ্তর, অর্থ বিভাগ।
- ৩। পুলিশ মহাপরিদর্শক, পুলিশ মহাপরিদর্শকের কার্যালয়, পুলিশ অধিদপ্তর, ঢাকা।
- ৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
- ৫। সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
- ৬। সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, স্বরাষ্ট্র মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।



*Nasrin*

০৩-০৫-২০২৬

নাসরীন সুলতানা

উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)